মেসির জন্মদিনে উৎসবের আমেজ আর্জেন্টিনা শিবিরে



লিওনেল মেসি। ছবি: সংগৃহীত

৩৯তম জন্মদিনে সতীর্থদের কাছ থেকে বিশেষ চমক পেয়েছেন আর্জেন্টিনা অধিনায়ক লিওনেল মেসি।

বিশ্বকাপ চলাকালে দলের কয়েকজন ফুটবলার কেক নিয়ে হাজির হন মেসির কাছে। পরে কেক কেটে জন্মদিন উদযাপন করেন তারা। সামাজিক যোগাযোগমাধ্যমে সেই আয়োজনের একটি ছবিও শেয়ার করেন মেসি।

ছবিতে মেসির সঙ্গে ছিলেন লিয়ান্দ্রো পারেদেস, নিকোলাস ওতামেন্দি, নাহুয়েল মোলিনা, লিসান্দ্রো মার্তিনেজ ও জিওভানি লো সেলসোসহ দলের সদস্যরা।

এদিকে মাঠেও দুর্দান্ত ছন্দে রয়েছেন আর্জেন্টাইন অধিনায়ক। গ্রুপ পর্বে দলের পাঁচটি গোলই এসেছে তার পা থেকে। এর সুবাদে টুর্নামেন্টের সর্বোচ্চ গোলদাতার তালিকার শীর্ষেও রয়েছেন তিনি।

আর্জেন্টিনার জার্সিতে মেসির অর্জনের ঝুলিতে রয়েছে একটি বিশ্বকাপ, দুটি কোপা আমেরিকা ও একটি ফিনালিসিমা শিরোপা। দেশের ফুটবল ইতিহাসের অন্যতম সফল এই তারকা এবারও দলকে শিরোপার লড়াইয়ে এগিয়ে নেওয়ার নেতৃত্ব দিচ্ছেন।